

এপ্রিল/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতিঃ জনাব বিপ্লব হোসেন সেলিম  
সভার স্থানঃ কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ অফিস কক্ষ  
সভার তারিখঃ ২৭/০৪/২০২৩ ইং  
সভার সময়ঃ সকাল ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পরিচয়	স্বাক্ষর
01	জনাব বিপ্লব হোসেন সেলিম	চেয়ারম্যান	স্বাক্ষরিত
02	জনাব পাপিয়া সুলতানা	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
03	জনাব মালেকা বেগম	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
04	জনাব আসমা আক্তার	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
05	জনাব মোঃ আব্দুল মুন্নাফ	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
06	জনাব মোঃ নাজিম উদ্দিন	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
07	জনাব মোঃ সামসুদ্দিন আহমেদ চান্দু	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
08	জনাব মোঃ সওকত হোসেন	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
09	জনাব মোঃ শাহীনের রহমান	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
10	জনাব মোঃ বাবুল হোসেন	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
11	জনাব শিশির আহমেদ জালাল	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
12	জনাব মোঃ তাইজুদ্দিন মোল্লা	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
13	জনাব মোঃ লোকমান হাদী	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
14	জনাব মোঃ মহিদুর রহমান	ইউ.পি সদস্য	স্বাক্ষরিত
	জনাব মোঃ মহিদুর রহমান	ইউ.পি সচিব	স্বাক্ষরিত

সভার আলোচ্য সূচী:

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় পর্যায়ের ওয়ার্ড সভা করণ প্রসঙ্গে।
- ৩। জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে আলোচনা।
- ৪। ২০২২-২০২৩ অর্থ বছরের চলমান প্রকল্প সমূহ দ্রুত সমাপ্ত করা প্রসঙ্গে।
- ৫। ২০২২-২০২৩ অর্থ বছরে ইউপি উন্নয়ন সহায়তার ২য় কিস্তি বিবিজি প্রাপ্ত বরাদ্দকৃত অর্থের প্রকল্প কাজের অগ্রগতি প্রসঙ্গে।
- ৬। বিবিধ।

সভার কার্যবিবরণী:

অদ্য ২৭/০৪/২০২৩ ইং তারিখ সকাল ১২.০০ ঘটিকার সময় কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সভা কক্ষে এক মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব বিপ্লব হোসেন সেলিম, চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর। সভার প্রারম্ভে সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১। সভার ১নং আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনাইলে উহা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। সভার ২ নং আলোচ্যসূচি অনুযায়ী চেয়ারম্যান সাহেব সভায় জানান যে, প্রতি বৎসর দুইটি উন্মুক্ত ওয়ার্ড সভা আয়োজন করার বিধান রয়েছে। সে মতে ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় পর্ষায়ে উন্মুক্ত ওয়ার্ড সভা করা আবশ্যিক। সভায় সকলের আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সময়সূচি অনুযায়ী উন্মুক্ত ওয়ার্ড সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভার ৩ নং আলোচ্যসূচি অনুযায়ী চেয়ারম্যান সাহেব সভায় জানান যে, ০১ হতে ১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদার করা প্রয়োজন। সভা-’ সকলের আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্ব-স্ব ওয়াডের গ্রাম পুলিশদেরকে তথ্য প্রদানে আরো তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। সভার ৪ নং আলোচ্যসূচি অনুযায়ী চেয়ারম্যান সাহেব সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের চলমান উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউপি সদস্যগণকে অনুরোধ করেন।

৫। সভার ৫ নং আলোচ্যসূচি অনুযায়ী চেয়ারম্যান সাহেব সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ইউপি

উন্নয়ন সহায়তার ২য় কিস্তি বিবিজি বাবদ ৬,২৯,৫০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। কাজটি চলমান আছে।

দ্রুত কাজ শেষ করে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে বিল দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতির  
স্বাক্ষর অস্পষ্ট  
বিপ্লব হোসেন সেলিম  
চেয়ারম্যান  
কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ  
মানিকগঞ্জ সদর।